গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
সরকারি কার্য ভবন নম্বর-০১
আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।
www.dsw.gov.bd

নম্বর- ১৮.২৭.১৫০০.২০০.১১.০০২.২৫.৯৪ তারিখ: ১১/০৮/২০২৫

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রামের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dsw.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং- | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | উচ্চমান সহকারী কাম-ক্যাশিয়ার<br>গ্রেড-১৪<br>টাঃ ১০২০০-২৪৬৮০ | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের গ্রেডে স্নাতক বা সমমানের ডিগ্রীতে উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক গতি প্রতি মিনিটে বাংলা ২৫ এবং ইংরেজি ৩০ শব্দ। |
| ২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাঃ ১০২০০-২৪৬৮০ | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের গ্রেডে উত্তীর্ণ হওয়াসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>(খ) বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের গতি;<br>(গ) সাঁট-লিপিতে প্রতি মিনিটে বাংলা ৪৫ এবং ইংরেজি ৭০ শব্দ<br>(ঘ) ডাটা এন্ট্রি অপারেটর এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>টাঃ ৯৩০০-২২৪৯০ | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের গ্রেডে উত্তীর্ণ;<br>(খ) বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের গতি;<br>(গ) ডাটা এন্ট্রি অপারেটর এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। |
| ৪ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাঃ ৮২৫০-২০০১০ | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বা সমমানের গ্রেডে উত্তীর্ণ। |
| ৫ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>টাঃ ৮২৫০-২০০১০ | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বা সমমানের গ্রেডে উত্তীর্ণ। |

**২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হবে:**

ক. সরকারের সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ১২ আগস্ট ২০২৫ তারিখে সাধারণ ও অন্যান্য সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর হতে হবে। সয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

খ. জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৩ জুলাই ২০২৪ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী কোটা পদ্ধতি অনুরসণ করা হবে;

গ. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গানার সন্তান হলে অথবা ক্ষুদ্র-নৃগোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

ঘ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে অনাপত্তি সনদসহ আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

ঙ. একজন আবেদনকারী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে আবেদন করলেও একটির বেশি পদের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

চ. চাকরির আবেদন ফরমে (Applicants Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত শিক্ষাগত সনদ ব্যতীত নতুন করে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না;

ছ. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

জ. নিয়োগের ক্ষেত্রে কোটা ও অন্যান্য বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান/আদেশ প্রযোজ্য হবে;

ঝ. প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করতে হবে। পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে মোবাইল এসএমএস/পরিদপ্তরের ওয়েবসাইটে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না;

ঞ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে;

ট. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে;

ঠ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

ড. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dsw.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২/০৮/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা

II. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০২/০৯/২০২৫খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ 60 KB হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিয়য়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০৩ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা ও ০৪ হতে ০৫ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** DSW<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DSW ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112 or Tk.56 will be charged as application fee.

Your PIN is xxxxxxxx. To pay fee Type DSW<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DSW<space> Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DSW YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DSW Application for the post of xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dsw.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষার অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শণ করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- **User ID জানা থাকলে:**
  DSW<space> Help<space>User<space>User ID & Send to 16222
  Example: DSW Help User ABCDEF
- **PIN Number জানা থাকলে:**
  DSW<space> Help<space>PIN<space>PIN No & Send to 16222
- Example: DSW Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর www.dsw.gov.bd ওয়েবসাইটে এবং http://dsw.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dsw.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন dswctg@gmail.com অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: DSW, Post Name:*****. Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**৪। নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর কর্তৃক ২৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের ১৮.২৭.১৫০০.২০০.১১.০০২.১৮.৭৫ নম্বর স্মারকমূলে "বাংলাদেশ প্রতিদিন" এবং "NEWAGE" পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহে যারা ডাকযোগে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই এবং বর্তমান বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী পরীক্ষা গ্রহণের প্রয়োজন পড়লে তদানুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।**

৫। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

সার্টিফিকেট, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থীর স্থায়ী বাসিন্দার স্বপক্ষে প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী প্রদত্ত সনদ।

(ছ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার ব্যবহারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

(জ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্রের কপি (Admit Card's Copy);

(ঝ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি।

৬। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশের QR Code

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের টেলিটক পোর্টালে প্রবেশের QR Code

**মিঠু ভৌমিক**
উপপরিচালক
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি
নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর